



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

### ঋণ আদায় বিভাগ।



নং প্রক/আদায়/মনিটরিং/৮(৫৯)/২০২০-২০২১/১০২৫

তারিখঃ ১১-০১-২০২১ ইং

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়, স্থানীয় মুখ্য কার্যালয়

বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ** মাঠ পর্যায়ে করণীয় কতিপয় গুরুত্বপূর্ণ কার্যাবলী সম্পাদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে ঋণ আদায় মহাবিভাগের পত্র নং প্রক/আদায়-৮(৫৯)/২০২০-২০২১/১৩৬(১২০০) তার ২৯-০৭-২০২০ ইং এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বর্ণিত পত্রে শাখার ঋণ গ্রহীতাদের তালিকা প্রস্তুত সহ শীর্ষ খেলাপী ঋণ গ্রহীতাদের তালিকা প্রস্তুতকরণে নিম্নবর্ণিত নির্দেশনা দেয়া হয়েছিলঃ

ক) স্থানীয় মুখ্য কার্যালয়, সকল কর্পোরেট শাখা এবং শাখা সমূহ কর্তৃক শীর্ষ ১০০ এবং ১.০০ কোটি টাকা ও তদুর্ধ্ব স্থিতি সম্পন্ন শ্রেণীকৃত/খেলাপী ঋণ গ্রহীতাদের ০২(দুই) টি পৃথক পৃথক তালিকা ১২ অগাস্ট ২০২০ তারিখের মধ্যে প্রস্তুত কার্যক্রম সম্পন্ন করতে হবে;

খ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় সমূহ শাখা হতে সংগৃহীত তালিকা হতে অপ্রস্তুত শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের তালিকা প্রস্তুত ও সংরক্ষণ করতে হবে;

গ) বিভাগীয় কার্যালয় সমূহ সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও কর্পোরেট শাখা হতে সংগৃহীত তালিকা হতে বিভাগাধীন শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের তালিকা প্রস্তুত ও সংরক্ষণ করবে;

ঘ) পরবর্তীতে, উক্ত তালিকায় বর্ণিত খেলাপী ঋণ গ্রহীতাদের মধ্য হতে অগ্রাধিকার ভিত্তিতে ঋণ গ্রহীতা বাছাইকরতঃ সংশ্লিষ্ট ঋণ গ্রহীতাদের সাথে ষ্টি-পাঙ্কি আলোচনা সভার আয়োজন করে খেলাপী ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিতকরণের মাধ্যমে, শ্রেণীকৃত ঋণ আদায় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

০৩। কর্তৃপক্ষ একান্তভাবে আশা করেন শাখা এবং কার্যালয় সমূহ উল্লেখিত তালিকা প্রস্তুত করেছেন এবং নির্দেশিত কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে। বর্তমানে ব্যাংকের নির্বাহীবৃন্দ এবং অঞ্চল পর্যায়ে নিয়োজিত প্রমোটারগণ মাঠ পর্যায়ে ঋণ আদায় কার্যক্রমসহ অন্যান্য কার্যাদি টেলিফোনিক এবং সরাসরি পরিধারন কালে শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে আদায়ের বিষয়টিও তদারকি করবেন।

০৪। বর্ণিত অবস্থায়, কোন শাখা বা কার্যালয় উক্ত কার্যক্রম অদ্যাবধি সম্পন্ন না করলে সংযুক্ত ছকে তথ্য বিবরণী আগামী ১৭-০১-২০২১ ইং তারিখের মধ্যে অবশ্যই সম্প্রের ব্যবস্থা নিশ্চিত সহ শীর্ষ খেলাপী ঋণ আদায়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য আপনাকে পুনরায় পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ ০১(এক) টি

আপনার বিশ্বস্ত

১১/০১/২০২১  
(মোঃ আজিজুল বারী)

মহাব্যবস্থাপক

ঋণ আদায় মহাবিভাগ(অতিঃ দায়িত্বে)

নং প্রক/আদায়/মনিটরিং/৮(৫৯)/২০২০-২০২১/১০২৫

তারিখঃ ১১-০১-২০২১ ইং

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রক/স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা। অত্র পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি(সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। নথি/মহানথি।

১১-০১-২১

(নূরুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক

ସାହାଯ୍ୟମାନ ପ୍ରତି ଆବେଦନ  
..... ନାମ

ବିସ୍ତରଣ ସାଧନ ଶୀର୍ଷ ୧୦୦ ବ୍ୟୋମ୍ବୀ କ୍ରମ ପ୍ରକୃତିର ତାଲିକା ।

(ଲକ୍ଷ୍ୟ ଚିତ୍ରଣ)

କ୍ରମିକ ନଂ	ବିସ୍ତରଣ/ ସମ୍ପୂର୍ଣ୍ଣ ନଂ	କ୍ରମ ସିଦ୍ଧାନ୍ତ				୦୧/୦୩/୨୦୨୦ ରୁ ଆମ୍ଭେ				ଆବେଦନ ସମ୍ପର୍କିତ ପରିସ୍ଥିତି ଓ ଶ୍ରେଣିକ୍ରମ	ମୁଖ୍ୟ ନିର୍ଦ୍ଦେଶ/ ପ୍ରତିବନ୍ଧନ/ ଅନୁମତି ବିଧି	୨୦୨୦-୨୧ ଅର୍ଥ ବର୍ଷର ଆୟ	ଆୟର ପ୍ରକୃତ ସ୍ତର/ ସର୍ବନିମ୍ନ
		ଅନୁମତି	ପରିସର	ବାଦ	ପରିସର ମୁକ୍ତି	ନିର୍ଦ୍ଦେଶ ଆମ୍ଭେ ପରିସରର ସର୍ବନିମ୍ନ ଆୟ	ଆୟର ମୁକ୍ତି	ଆୟର ମୁକ୍ତି	ଆୟର ମୁକ୍ତି				
୧	୨	୦	୧	୦	୧	୧	୧	୧	୧	୧	୧	୧	୧
୨													
୩													
୪													

*(Handwritten signature)*

*(Handwritten signature)*